গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.২৯৯ তারিখ: ৮ চৈত্র ১৪২৮
২২ মার্চ ২০২২

বিষয়: **বিভিন্ন খাতে বিলি বিতরণের জন্য সড়ক ও নৌপথে মোট ৯৯০৫ মে.টন গমের চলাচল সূচি**

সূত্র: ১। প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা এর ১৫/০৩/২০২২ খ্রি. তারিখের ১৩.১৪.০০০০.০০৪.৩০.১৩.১৫.২৮৬ নং স্মারক

২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী এর ২২/০৩/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২২৪.৪০.০০১.১৯.১৪৯১ নং স্মারক

৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর এর ২১/০৩/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২৬৩.৫০.০০৭.২০.৩২৪ নং স্মারক

৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল এর ২০/০৩/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০০০.৫০.০১৩.১৮.৮৩৫ নং স্মারক

৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক, বরগুনা এর ২১/০৩/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০৪০০.০০৫.৫০.০১২.১৮.৮৯৪ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী, রংপুর ও বরিশাল বিভাগের কতিপয় এলএসডিতে মার্চ'২২ মাসে কাবিখা, ইপি, ওপি, ময়দাকল, বিশেষ ওএমএসসহ বিভিন্ন খাতে বিলি-বিতরণ এবং সরকারি ওএমএস খাতে ধারাবাহিকভাবে আটা সরবরাহ দেওয়ার জন্য সরকারি ময়দা মিলে গমের চলাচল সূচি জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রস্থ স্মারকসমূহে চাহিদা প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে পোস্তগোলা সরকারি ময়দা মিল এবং রাজশাহী, রংপুর ও বরিশাল বিভাগের বিভিন্ন এলএসডির মজুত পর্যালোচনা এবং সাশ্রয়ী রুট বিবেচনায় সড়ক ও নৌপথে মোট ৯৯০৫ মে.টন গমের চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে জারি করা হলো।

সড়ক পথে গমের চলাচলসূচিঃ

| ক্র. নং | প্রেরক জেলা | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | নারায়ণগঞ্জ | নারায়ণগঞ্জ সাইলো | পঞ্চগড় | পঞ্চগড় এলএসডি | ১৫০ | গম | সড়ক পথ | চসসা বিভাগ উপসূচি জারি করবেন |
| ২. | ঐ | ঐ | ঠাকুরগাঁও | ঠাকুরগাঁও এলএসডি | ৪০০ | ঐ | ঐ | |
| ৩. | ঐ | ঐ | দিনাজপুর | ফুলবাড়ী এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| ৪. | ঐ | ঐ | গাইবান্ধা | গাইবান্ধা এলএসডি | ১০০০ | ঐ | ঐ | |
| ৫. | ঐ | ঐ | রাজশাহী | রাজশাহী এলএসডি | ৮০০ | ঐ | ঐ | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |
| ৬. | ঐ | ঐ | জয়পুরহাট | জয়পুরহাট এলএসডি | ২৪০ | ঐ | ঐ | |
| ৭. | ঐ | ঐ | নওগাঁ | নওগাঁ এলএসডি | ৬৫০ | ঐ | ঐ | |
| ৮. | ঐ | ঐ | পাবনা | পাবনা এলএসডি | ২৪০ | ঐ | ঐ | |
| ৮. | ঐ | ঐ | ঐ | নুরপুর এলএসডি | ১২০ | ঐ | ঐ | |
| ১০. | ঐ | ঐ | বগুড়া | সারিয়াকান্দি এলএসডি | ১০৫ | ঐ | ঐ | |
| ১১. | ঐ | ঐ | নাটোর | নাটোর এলএসডি | ৪০০ | ঐ | ঐ | |
| ১২. | ঐ | ঐ | সিরাজগ ঞ্জ | সিরাজগঞ্জ এলএসডি | ৫০০ | ঐ | ঐ | |
| | | | | মোট = | ৪৯০৫ | | | |

নারায়ণগঞ্জ সাইলো হতে পোস্তগোলা সরকারি ময়দা মিলে সড়ক পথে গমের চলাচল সূচি

| ক্র. নং | প্রেরণ কেন্দ্র | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | নারায়ণগঞ্জ সাইলো | পোস্তগোলা সরকারি আধুনিক ময়দামিল, পোস্তগোলা, ঢাকা | ২০০০ | গম | সড়ক পথ | আখানি, ঢাকা উপ-সূচি জারি করবেন |
| | | মোট = | ২০০০ | | | |

নৌপথে গমের চলাচলসূচিঃ

| ক্র. নং | প্রেরক জেলা | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | বাগেরহাট | মোংলা সাইলো | পটুয়াখালী | পটুয়াখালী এলএসডি | ৬০০ | বস্তাবন্দি গম | নৌপথ | চসনি, খুলনা উপসূচি জারি করবেন |
| ২. | ঐ | ঐ | বরগুনা | বরগুনা এলএসডি | ৬০০ | ঐ | ঐ | |
| ৩. | ঐ | ঐ | বরিশাল | বরিশাল এলএসডি | ১৮০০ | ঐ | ঐ | |
| | | | | মোট = | ৩০০০ | | | |
| | | | | সর্বমোট= | ৯৯০৫ | | | |

**নির্দেশনাসমূহ:**

১। খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুযায়ী খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম সম্পাদন করতে হবে।

২। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ ও মোংলা সাইলো প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন এবং ওয়ারেন্টি অনুযায়ী গম পরিবহণ করাবেন।

৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং

স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।

৪। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) গম পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন।

৫। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।

৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না।

৭। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে।

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।

১০। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ এই সূচি অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।

১১। সূচির মেয়াদ ৩১/০৩/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

২২-৩-২০২২
মোঃ ফজলে রাব্বী হায়দার
উপ-পরিচালক
ফোন: +৮৮-০২-৯৫৮৪৮৩৪
ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭
ইমেইল: dg@dgfood.gov.bd

প্রাপক :

১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা

২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা
৩) সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো
৪) সাইলো অধীক্ষক, মোংলা সাইলো, বাগেরহাট
৫) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.২৯৯/১(১২)

তারিখ: ৮ চৈত্র ১৪২৮
২২ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
৩) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
৪) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
৫) প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, ঢাকা
৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী
৭) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর
৮) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল
৯) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
১০) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ........................................
১১) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১২) ভারপ্রাপ্ত কর্মকর্তা, ......................................... এলএসডি



২২-৩-২০২২
মোঃ ফজলে রাব্বী হায়দার
উপ-পরিচালক